গোপনীয়

***বাংলাদেশ কৃষি ব্যাংক***

প্রধান কার্যালয়,ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং- নং-প্রকাঃ এইচআরএমডিঃ ৩ঃ১ঃ৩৪৩২(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/ তারিখঃ ১৬.০৫.২০১৯ ইং

## কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ সাইফুল ইসলাম, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (সাময়িকভাবে বরখাস্তকৃত), বিকেবি, মধুখালী শাখা, ফরিদপুর ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, পুরাপাড়া বাজার শাখায় ব্যবস্থাপক (উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ),(ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি ও আত্মসাত/প্রতারনামূলক অপরাধের জন্য ০১/১৭-১৮ নং বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজু করিয়া ১১.০২.২০১৮ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ ৩ঃ১ঃ৩৪৩২/২০১৭-২০১৮/২৯৫৫ নম্বর স্মারক মুলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তবোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তবোর্ড বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপন্যর জব্যব, তদন্তবোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষংগিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ সাইফুল ইসলাম আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরু দন্ডে দন্ডিত করা হইবে না -এইমর্মে ২৭.০১.২০১৯ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ ৩ঃ১ঃ৩৪৩২(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/২৩৩১ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণামূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ সাইফুল ইসলাম প্রাথমিকভাবে প্রস্তাবিত শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র বিভাগের ২৭.০১.২০১৯ ইং তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি ও আত্মসাত/ প্রতারনামূলক অপরাধের দায়ে আপনি জনাব মোঃ সাইফুল ইসলাম আপনাকে গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১)(খ)(উ) প্রবিধি মোতাবেক আপনি জনাব মোঃ সাইফুল ইসলাম আপনাকে ব্যাংকের চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন ।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্থায়ী ঠিকানা

(১) জনাব মোঃ সাইফুল ইসলাম (এস-৩৭৯১)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মধুখালী শাখা
ফরিদপুর ।

(২) জনাব মোঃ সাইফুল ইসলাম
পিতার নাম ঃ মোঃ শাহাবুদ্দিন
গ্রাম+ডাক- চাঁচড়া
উপজেলা-কোতোয়ালী, জেলা- যশোর।

স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

---

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৪৩২(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/ ৬৫৫৩(১)/(৭) তারিখঃ ১৬.০৫.২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা ।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।

০৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর ।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর ।

০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত দন্ড সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল ।

০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক,বিকেবি,মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর ।

০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর ।

১০। ব্যবস্থাপক, বিকেবি, মধুখালী শাখা, ফরিদপুর । এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ সাইফুল ইসলাম এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

১১। ব্যবস্থাপক, বিকেবি, যশোর শাখা,যশোর । এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি মোঃ সাইফুল ইসলাম এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। তাহাকে পাওয়া না গেলে তাহার কোন নিকট আত্মীয়ের (পিতা/মাতা/ভাই/বোন/স্ত্রী/পুত্র/কন্যা) নিকট প্রাপ্তি স্বীকার রশিদ গ্রহণের মাধ্যমে হস্তান্তর করিবেন। তাহারাও গ্রহনে অস্বীকৃতি জানাইলে একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার স্থায়ী ঠিকানার বসত বাড়ীর সদর দরজায় সহজে দৃশ্যমান হয় এমন স্থানে দুইজন স্বাক্ষীর উপস্থিতিতে লটকাইয়া জারী করতঃ স্বাক্ষীগণের স্বাক্ষর, নাম ঠিকানা ও মোবাইল নম্বর (যদি থাকে) গ্রহণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন প্রনয়ণ করিয়া উহা অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

১২। ব্যবস্থাপক, বিকেবি, পুরাপাড়া বাজার শাখা, ফরিদপুর । অভিযোগ সংশ্লিষ্ট অনাদায়ী টাকা আদায়ের জন্য যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করিবার জন্য বর্তমান শাখা ব্যবস্থাপককে কর্তৃপক্ষীয় নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

১৩। নথি/মহানথি / মূল নথি।

২৬/০৫/২০১৯
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক

E:\HRMD\RAHSAN\AHSAN ANNOUNS.doc